

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
গাইবান্ধা।
digaibandha@bdcourts.gov.bd

আদেশ নং-১৩০/২০২৫

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৮ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ, প্রশিক্ষণ শাখা-১ এর গত ২২ জুলাই ২০২৫ খ্রি. তারিখের ১০.০০.০০০০.১৫১.২৯.০০১.২৪.৯৬ নম্বর স্মারকমূলে আগামী ৩১ আগস্ট এবং ১ ও ২ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখ প্রতিদিন সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত অনলাইন প্ল্যাটফর্ম-এ সংযুক্ত থেকে বাংলাদেশ সরকারের এস্পায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম-এর উদ্যোগে বিচার বিভাগের জন্য প্রস্তুতকৃত বিচার বিভাগীয় বাতায়ন (judiciary.gov.bd) এর পরিচিতি ও পরিচালনা পদ্ধতির উপর আদালতের সহায়ক কর্মচারীদের জন্য বর্ণিত সময়সূচি অনুযায়ী ব্যাচ নম্বর ষষ্ঠ-এ প্রযুক্তি জ্ঞানসম্পন্ন ০২ (দুই) জন সহায়ক কর্মচারীকে মনোনয়ন প্রদানপূর্বক মনোনীত কর্মচারীকে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, গাইবান্ধা জেলা ও দায়রা জজ আদালতে কর্মরত প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ মোছাদ্দেকুল বারী এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রেষণে-দায়রা সহকারী জনাব মোছাঃ তহমিনা খাতুন-কে আগামী ৩১ আগস্ট এবং ১ ও ২ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখ প্রতিদিন সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত জুম ভারুয়াল প্ল্যাটফর্ম (মিটিং আইডি: ৯৮৭ ৬০৫ ৪৮৭০ ও পাসকোড: ১২৩৪)-এ সংযুক্ত থেকে উক্ত অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণের নির্দেশ প্রদান করা হলো এবং সেমতে অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণের উদ্দেশ্যে তাদেরকে অবমুক্ত করা হলো।

জনাব মোঃ মোছাদ্দেকুল বারী, প্রশাসনিক কর্মকর্তা, জেলা ও দায়রা জজ আদালত, গাইবান্ধা-এর প্রশিক্ষণ গ্রহণকালে জনাব মোঃ আব্দুল হামিদ, নাজির, জেলা ও দায়রা জজ আদালত, গাইবান্ধা নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে প্রশাসনিক কর্মকর্তা-এর দায়িত্বে থাকবেন এবং জনাব মোছাঃ তহমিনা খাতুন, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রেষণে-দায়রা সহকারী, জেলা ও দায়রা জজ আদালত, গাইবান্ধা-এর প্রশিক্ষণ গ্রহণকালে জনাব মোঃ রাকিব মিয়া, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেলা ও দায়রা জজ আদালত, গাইবান্ধা নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রেষণে-দায়রা সহকারী-এর দায়িত্ব পালন করবেন।

প্রশিক্ষণের যাবতীয় ব্যয় এস্পায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম বহন করবেন।
সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

২৬/০৮/২০২৫
(মোঃ রেজাউল করিম সরকার)
সিনিয়র জেলা ও দায়রা জজ
গাইবান্ধা।

সার্ভিস আইডি-১৯৯৪১১৩০৩৯
ফোন নম্বর: ০২-৫৮৮৮৭৭৫১৪

স্মারক নং-জেঃ জঃ (গাইঃ)/১(৬)/২০২৫-৪২২(০৯)

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৮ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৩। জনাব মোঃ রাশিদুল মান্নাফ কবীর, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এস্পায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা ও দায়রা জজ আদালত, গাইবান্ধা।
- ৫। জেলা এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গাইবান্ধা।
- ৬। জনাব মোঃ মোছাদ্দেকুল বারী, প্রশাসনিক কর্মকর্তা, জেলা ও দায়রা জজ আদালত, গাইবান্ধা।
- ৭। জনাব মোঃ আব্দুল হামিদ, নাজির, নেজারত বিভাগ, জেলা ও দায়রা জজ আদালত, গাইবান্ধা।
- ৮। জনাব মোছাঃ তহমিনা খাতুন, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রেষণে-দায়রা সহকারী, জেলা ও দায়রা জজ আদালত, গাইবান্ধা।
- ৯। জনাব মোঃ রাকিব মিয়া, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেলা ও দায়রা জজ আদালত, গাইবান্ধা।
- ১০। অফিস ফাইল।

২৬/০৮/২০২৫
সিনিয়র জেলা ও দায়রা জজ
গাইবান্ধা।